

Model Question : 2023-24

Class : X

Subject: Bengali

Time : 3 Hours 15 Minutes

Total Marks : 80

(The figures in the margin indicate full marks.)

বিভাগ- ক

সঠিক উত্তরটি লেখো:-

1x10=10

১. 'অন্নপূর্ণা উত্তরীলা' যে নদীর তীরে-

অ) যমুনার তীরে

আ) পদ্মার তীরে

ই) গাঙ্গিনীর তীরে

ঈ) মেঘনার তীরে

২. 'পরিচয়' কবিতাটি যে কাব্য গ্রন্থের অন্তর্গত -

অ) স্বেচ্ছুতি

আ) চিত্রা

ই) পূরবী

ঈ) নৈবেদ্য

৩. '----- সেথা জ্বলে না প্রদীপ'- শূন্যস্থানটিতে হবে-

অ) সকাল

আ) সন্ধ্যায়

ই) রাত্রে

ঈ) ভোরে

৪. 'এখানে আকাশ নীল' কবিতায় যে মাসের বর্ণনা রয়েছে-

অ) অগ্রহায়ন

আ) কার্তিক

ই) আশ্বিন

ঈ) পৌষ

৫. 'সামান্যই প্রার্থনা' কবিতাটির কবি প্রার্থনা করেছেন-

অ) যুদ্ধ

আ) বিদ্রোহ

ই) বিপ্লব

ঈ) সোহাদর্দ্য

৬. চঞ্চল কুমারী পত্র লিখেছে-

অ) রানা জয় সিংহকে

আ) রানা রাজ সিংহকে

ই) রানা উদয় সিংহকে

ঈ) রানা প্রতাপ সিংহকে

৭. নতুনদা সম্প্রতি পাস করেছেন যে পরীক্ষায়-

অ) এল. এ.

আ) এফ. এ.

ই) বি. এ.

ঈ) এম. এ.

৮. নতুনদা এবং ইন্দ্রনাথের মধ্যে যে সম্পর্ক-

অ) খুড়তুতো ভাই

আ) জ্যাঠাতুতো ভাই

ই) মাসতুতো ভাই

ঈ) পিসতুতো ভাই

৯. শংকর জীবনে এই প্রথম যা শুনল-

অ) বাঘের গর্জন

আ) হায়েনার ডাক

ই) শিয়ালের ডাক

ঈ) সিংহের গর্জন

১০. 'রাইমা' ও 'সাইমা' এই দুটি নাম হলো-

অ) পাহাড়ি নদীর

আ) পাহাড়ি বৃক্ষের

ই) পাহাড়ি শৃঙ্খের

ঈ) পাহাড়ি কন্যার

বিভাগ- খ

নীচের প্রতিটি প্রশ্নের এক-একটি পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও:-

1x10=10

১১. পাটনি দেবীর কাছে কী বর চাইল?
১২. কবির প্রথম পরিচয় কী?
১৩. হাটে বেচা কেনা কখন শেষ হয়?
১৪. বেহুলা কোন্ নদীতে ভেলা ভাসিয়েছিলেন?
১৫. অনন্ত মিশ্র কার কুলপুরোহিত ছিলেন?
১৬. গঙ্গার রুচিকর হাওয়ায় নতুনদার মনে কিসের উদ্বেক ঘটে?
১৭. তিরুমল কবে নাগাদ দেশে যাবে বলেছিল?
১৮. বড়মুড়া পর্বতটি কত মাইল দীর্ঘ?
১৯. সুভার গরম কোলটিতে কে সুখ নিদ্রার আয়োজন করত?
২০. গোবর্দ্ধনের মেয়ের কী নাম?

বিভাগ- গ

নীচের প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও:-

2x5=10

২১. 'চাইনে গজদন্ত মিনার' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?
২২. যৌবনের গানকে বেদনার গান কেন বলা হলো?
২৩. অনন্ত মিশ্রের উদয়পুরে যাত্রা করার কারণ সংক্ষেপে লেখো।
২৪. 'তিনি গঙ্গা দিয়ে যেতে চান'- তিনি গঙ্গা দিয়ে যেতে চান কেন?
২৫. সুভা কীভাবে প্রতাপের কাছে মর্যাদা পেত?

নীচের প্রশ্নগুলির উত্তর দাও (অনধিক ১২০ টি শব্দের মধ্যে):-

২৬. "কু-কথায় পঞ্চমুখ কণ্ঠ-ভরা বিষ।"- কার লেখা, কোন্ কবিতার অংশ? 'কু'- শব্দের অর্থ কী? 'কু-কথায় পঞ্চমুখ' বলতে কি বোঝানো হয়েছে?

1+1+3=5

অথবা

- "দিবস রাত্রি নূতন যাত্রী, নিত্য নাটের খেলা।"- কোন কবিতার অংশ? 'নূতন যাত্রী' কারা? 'নিত্য নাটের খেলা' বলতে কবি কি বোঝিয়েছেন?

1+2+2=5

২৭. "তিরুমলের অদৃষ্টলিপি এই জন্যেই বোধ হয় তাকে আফ্রিকায় টেনে এনেছিল।"- উদ্ধৃতিটি কোন্ রচনার অন্তর্গত? তিরুমল কে? আফ্রিকায় তিরুমলের কী ঘটেছিল?

1+1+3=5

অথবা

- "ইহাই ডম্বুর নামে প্রসিদ্ধ,"- 'ডম্বুর' কী? এর উৎপত্তি কিভাবে? ডম্বুর সম্বন্ধে যা জান সংক্ষেপে লেখো।

1+2+2=5

২৮. “মাতা তাহাকে নিজের গর্ভের কলঙ্ক জ্ঞান করিয়া তাহার প্রতি বড়ো বিরক্ত ছিলেন।”- ‘তাহাকে’- বলতে এখানে কাকে বোঝিয়েছে? এরূপ উক্তির কারণ কি? 1+3=4

অথবা

“সাত বছরের শত্রুতা স্বার্থের খাতিরে একদিনে হঠাৎ স্থগিত হয়ে গেল।”- উদ্ধৃতিটি কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে? কীভাবে শত্রুতার অবসান হলো? 1+3=4

বিভাগ- ঘ

২৯. নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো:- 1x6=6

- ক) তাহার মুখ অত্যন্ত পাভুর, কিন্তু চোখ দুটি জ্বলিতে লাগিল। (সরল বাক্যে)
খ) অধুনা তাহার কোন চিহ্নও বর্তমান নাই। (অস্ত্যর্থক বাক্যে)
গ) এখানে আকাশ নীল। (জটিল বাক্যে)
ঘ) কাজ শেষ হয়ে যেতেই সে তাবু থেকে রোজ বেরিয়ে পড়ত। (যৌগিক বাক্যে)
ঙ) আমি তোমাদেরই লোক। (প্রশ্নবোধক বাক্যে)
চ) পথ অতি দুর্গম। (বিস্ময়সূচক বাক্যে)

অথবা

সন্ধি বিচ্ছেদ করো:- 1x6=6

শিরোমণি, ছিন্ন, অশ্বারোহী, ত্রিপুরেশ, গঙ্গা, প্রত্যেক

৩০. নির্দেশ অনুযায়ী নীচের প্রশ্নগুলির উত্তর দাও:- 4x4=16

ক) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো:- 1x4=4

বীণাপানি, দ্বিপ্রহর, মনমাঝি, গৃহস্থ

খ) নীচের শব্দগুলির উৎস নির্দেশ করো:- 1x4=4

দিবস, ছাতা, ডিস্কি, রেল

গ) শুদ্ধ বানান বেছে নিয়ে লেখো:- 1x4=4

বাল্লুকী/ বাল্লুকী/ বাল্লুকী

সাস্থ্য/ স্বাস্থ্য/ স্বাস্ত্য

কুতুহল/ কৌতুহল/ কৌতূহল

মুহূর্ত/ মুহূর্ত/ মুহূর্ত

ঘ) অর্থের পার্থক্য দেখাও:- 1x4=4

অংশ সাক্ষর গোলক ধরা

অংস স্বাক্ষর গোলোক ধড়া

ঙ) একটি করে উদাহরণ দাও:-

1x3=3

কৃৎ প্রত্যয়, উপমান কর্মধারক সমাস, ব্যতিহার বহুব্রীহি সমাস।

বিভাগ- ঙ

৩১. স্বরচিত বাক্যে প্রয়োগ করো:-

1x3=3

আকাশ কুসুম, খয়ের খাঁ, একাদশে বৃহস্পতি।

৩২. তোমাদের এলাকায় পানীয়জল সমস্যা সম্পর্কে কোন পত্রিকার সম্পাদকের নিকট একটি পত্র লেখো।

4

৩৩. তোমার বিদ্যালয়ে স্বচ্ছতা অভিযান বাস্তবায়নের জন্য একটি প্রস্তুতি কমিটি গঠন করা হবে- উক্ত সভার একটি কার্যবিবরণী প্রস্তুত করো।

4

অথবা

ভাবসম্প্রসারণ করো:-

কাঁটা হেরি ক্ষান্ত কেন কমল তুলিতে

দুঃখ বিনা সুখলাভ হয় কি মহীতে।
